গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-৯১/২০১৯-২০২০
ঢাকা, ২৮ অক্টোবর সোমবার ২০১৯, ১২ কার্তিক ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। জাপান ও সিঙ্গাপুর সফর শেষে রাষ্ট্রপতি দেশে ফিরেছেন
২। ন্যাম সম্মেলনে যোগদান শেষে আজারবাইজান থেকে দেশে ফিরেছেন প্রধানমন্ত্রী
৩। চট্টগ্রামেও চালু হচ্ছে মেট্রোরেল : ৭টি উন্নয়ন প্রকল্প উদ্বোধন অনুষ্ঠানে সেতুমন্ত্রী
৪। দল থেকে অনুপ্রবেশকারীদের বের করতে হবে : চট্রগ্রামে তথ্যমন্ত্রী
৫। ভোলার ঘটনা কারা ঘটিয়েছে শীঘ্রই জানা যাবে : স্বরাষ্ট্রমন্ত্রী
৬। কৃষি উৎপাদন বৃদ্ধিতে উন্নত প্রযুক্তি ব্যবহারের বিকল্প নেই : কৃষিমন্ত্রী
৭। অসত্য তথ্য দিয়ে শিক্ষাপ্রতিষ্ঠানের এমপিও হলে ব্যবস্থা নেয়া হবে : শিক্ষামন্ত্রী
৮। এ বছর ৪৫০০ ডাক্তার নিয়োগ দেয়া হবে : টাঙ্গাইলে স্বাস্থ্যমন্ত্রী
৯। খাদ্যে ভেজালকারীদের ছাড় নেই : খাদ্যমন্ত্রী
১০। মিসরের পেঁয়াজ বাজারে ঢুকলে কমে আসবে দাম : বাণিজ্যমন্ত্রী
১১। চট্টগ্রাম বন্দরের ব্যবহার বাড়ালে কর্মসংস্থান বাড়বে : চট্টগ্রামে বাণিজ্যমন্ত্রী
১২। বাংলাদেশি কর্মীরা স্বল্প খরচে পূর্ব আফ্রিকার দ্বীপরাষ্ট্র সেশেলস যেতে পারবেন : প্রবাসী কল্যাণ মন্ত্রী
১৩। ২০২০ সালে সব হজযাত্রীর ইমিগ্রেশন ঢাকায় করা হবে : ধর্ম প্রতিমন্ত্রী
১৪। দেশে এক কোটি ৬৫ লাখ পরিবার কৃষিকাজের সঙ্গে যুক্ত : কৃষি শুমারি-১৯ এর প্রাথমিক রিপোর্ট

চলমান পাতা-২

১। **জাপান ও সিঙ্গাপুর সফর শেষে রাষ্ট্রপতি দেশে ফিরেছেন**

জাপান ও সিঙ্গাপুর-এ আট দিনের সফর শেষে দেশে ফিরেছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। রাষ্ট্রপতি এবং তাঁর সফরসঙ্গীদের বহনকারী সিঙ্গাপুর এয়ারলাইন্সের একটি নিয়মিত ফ্লাইট গতকাল (২৭ অক্টোবর রোববার) রাত সাড়ে ১০ টায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। রাষ্ট্রপতি গত ২২ অক্টোবর মঙ্গলবার টোকিওতে জাপানের নতুন সম্রাট নারুহিতোর অভিষেক অনুষ্ঠানে যোগ দেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.১)।

২। **ন্যাম সম্মেলনে যোগদান শেষে আজারবাইজান থেকে দেশে ফিরেছেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৮তম জোট নিরপেক্ষ আন্দোলনের (ন্যাম) সম্মেলনে যোগদানসহ আজারবাইজানে চার দিনের সরকারি সফর শেষে দেশে ফিরছেন। প্রধানমন্ত্রী ও তাঁর সফরসঙ্গীদের বহনকারী বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি বিশেষ ফ্লাইট গতকাল (২৭ অক্টোবর রোববার) সন্ধ্যা ৭টা ২০ মিনিটে ঢাকায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। এর আগে ফ্লাইটটি স্থানীয় সময় বেলা ১১টা ১০ মিনিটে আজারবাইজানের বাকু হায়দার আলিয়েভ আন্তর্জাতিক বিমানবন্দর ত্যাগ করে। আজারবাইজানের শিক্ষামন্ত্রী জেহুন আজিজ ওগলু বেরানভ এবং আজারবাইজানের দায়িত্বপ্রাপ্ত তুরস্কে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মো. আল্লামা সিদ্দিকী বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে বিদায় জানান। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫)।

৩। **চট্টগ্রামেও চালু হচ্ছে মেট্রোরেল : ৭টি উন্নয়ন প্রকল্প উদ্বোধন অনুষ্ঠানে সেতুমন্ত্রী**

চট্টগ্রামেও মেট্রোরেল চালু হচ্ছে বলে ঘোষণা দিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল (২৭ অক্টোবর রোববার) চট্টগ্রামের আগ্রাবাদ সড়ক ভবনে চট্টগ্রাম জেলার সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রায় ৫২৪ কোটি টাকা ব্যয়ে ৭টি উন্নয়ন প্রকল্পের উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ ঘোষণা দেন। তিনি বলেন, প্রধানমন্ত্রীর নির্দেশে মেট্রোরেল প্রকল্প বাস্তবায়িত হবে এবং এটা চট্রগ্রামবাসীর জন্য সুখবর। সূত্র : **ভোরের কাগজ** (পৃ.৩,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৭)।

৪। **দল থেকে অনুপ্রবেশকারীদের বের করতে হবে : চট্রগ্রামে তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্মুদ বলেছেন, আওয়ামী লীগ পরপর তিনবার রাষ্ট্রক্ষমতায় থাকার কারণে দলে যেসব অনুপ্রবেশকারী উইপোকা ও ছারপোকা ঢুকেছে তাদের বের করতে হবে। গতকাল (২৭ অক্টোবর রোববার) চট্টগ্রামে বিভাগীয় ছয় সাংগঠনিক জেলার প্রতিনিধি সম্মেলনে বিশেষ অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **বনিক বার্তা** (শেষ পৃ.,ক.৫), **নিউ নেশন** (পৃ.৩,ক.১)।

৫। **ভোলার ঘটনা কারা ঘটিয়েছে শীঘ্রই জানা যাবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল জানিয়েছেন, ভোলার বোরহানউদ্দিনের ঘটনায় ফেসবুক হ্যাকিংয়ের যে বিষয়টি সেটা নিয়ে পুলিশ হেডকোয়ার্টার কাজ করছে। এটা নিয়ে পরীক্ষা-নিরীক্ষা চলছে। এ ঘটনায় কারা জড়িত শীঘ্রই জানা যাবে। সবাইকে আইনের আওতায় আনা হবে। কাউকে ছাড় দেওয়া হবে না। গতকাল (২৭ অক্টোবর রোববার) রাজধানীর মানিক মিয়া অ্যাভিনিউয়ে মুক্তিযোদ্ধা সংসদ সন্তান কমান্ডের ১৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **জনজণ্ঠ** (পৃ.১,ক.৫), **নিউ নেশন** (পৃ.৩,ক.৫)।

৬। **কৃষি উৎপাদন বৃদ্ধিতে উন্নত প্রযুক্তি ব্যবহারের বিকল্প নেই : কৃষিমন্ত্রী**

জনসংখ্যা বৃদ্ধির হারের সঙ্গে সামঞ্জস্য রেখে কৃষি উৎপাদন বৃদ্ধি করতে সর্বশেষ এবং সর্বোত্তম উন্নত প্রযুক্তি ব্যবহারের বিকল্প নেই। আধুনিক জৈবপ্রযুক্তি তথা জিএম প্রযুক্তির ব্যবহার শ্রেয়। ক্রমেই এ প্রযুক্তি ব্যবহার বেড়ে চলেছে বলেও জানান কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক। গতকাল (২৭ অক্টোবর রোববার) রাজধানীর নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের সম্মেলনকক্ষে এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.১), **বণিক বার্তা** (পৃ.২,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **নিউ নেশন** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

**৭। অসত্য তথ্য দিয়ে শিক্ষাপ্রতিষ্ঠানের এমপিও হলে ব্যবস্থা নেয়া হবে : শিক্ষামন্ত্রী**

অসত্য তথ্য দিয়ে এমপিওভুক্ত হলে এমপিভুক্তর আদেশ কার্যকর হবে না এবং অসত্য তথ্যদাতাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। তিনি বলেন, যেসব তথ্যের ভিত্তিতে শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্ত হয়েছে, এর বাস্তব সত্যতা যাচাই সাপেক্ষে এমপিওভুক্তর আদেশ কার্যকর হবে। গতকাল (২৭ অক্টোবর রোববার) বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরোর (ব্যানবেইস) সম্মেলনকক্ষে শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তর বিষয়ে এক সংবাদসম্মেলনে তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.২,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

**৮। এ বছর ৪৫০০ ডাক্তার নিয়োগ দেয়া হবে : টাঙ্গাইলে স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী জাহিদ মালেক বলেছেন, বাংলাদেশে স্বাস্থ্যসেবার অনেক অর্জন আছে। আর যতটুকু ঘাটতি রয়েছে তা আস্তে আস্তে পূরণ করা হবে। সরকার ১০ হাজার ডাক্তার নিয়োগের ব্যবস্থা করতে যাচ্ছে। এ বছর চার হাজার ৫০০ জন ডাক্তার নিয়োগ দেয়া হবে। বাকি পাঁচ হাজার ৫০০ হাজার ডাক্তার নিয়োগ দেয়া হবে আগামী বছর। আশা করা হচ্ছে, নিয়োগ প্রক্রিয়া শেষ হলে স্বাস্থ্যসেবা নিয়ে সমস্যা আর থাকবে না। গতকাল (২৭ অক্টোবর রোববার) টাঙ্গাইলের শেখ হাসিনা মেডিকেল কলেজের একাডেমিক ভবন উদ্বোধন শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.৫), **নিউ এজ** (পৃ.২,ক.২)।

**৯। খাদ্যে ভেজালকারীদের ছাড় নেই : খাদ্যমন্ত্রী**

খাদ্যে ভেজালকারীদের সতর্ক করে খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার বলেছেন, কেউ আইনের ঊর্ধ্বে নয়। কাউকে ছাড় দেওয়া হবে না। যারা ভেজাল খাদ্য প্রস্তুত ও বিপণনের সঙ্গে যুক্ত তাদের কঠোর শাস্তি পেতে হবে। গতকাল (২৭ অক্টোবর রোববার) রাজধানীর একটি হোটেলে 'খাদ্য নিরাপত্তায় সুশাসন ও বাংলাদেশ ভোক্তা অধিকার সংরক্ষণ' বিষয়ক এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। খাদ্যমন্ত্রী বলেন, ভোক্তাদের স্বার্থ রক্ষা করতে ঢাকাসহ সারাদেশে বাজার মনিটরিং ও নিয়মিতভাবে অভিযান পরিচালিত হচ্ছে। খাদ্যে ভেজালের উৎস চিহ্নিত করতে বাজার অভিযান আরো জোরদার করা হবে। তিনি আরো বলেন, অসাধু ব্যবসায়ীরা যাতে সাধারণ ভোক্তাদের প্রতারণা করতে না পারে সেজন্য ভোক্তাদের মধ্যে সচেতনতা থাকা দরকার। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **ভোরের কাগজ** (পৃ.৩,ক.৫)।

**১০। মিসরের পেঁয়াজ বাজারে ঢুকলে কমে আসবে দাম : বাণিজ্যমন্ত্রী**

পেঁয়াজের বাজার স্বাভাবিক হওয়া প্রসঙ্গে বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি বলেছেন, এ সমস্যা আরও এক মাস থাকতে পারে। তবে মিসরের পেঁয়াজ বাজারে ঢুকলে কমে আসবে দাম। গতকাল (২৭ অক্টোবর রোববার) চট্টগ্রাম মেট্রোপলিটন চেম্বারের বাণিজ্য মেলা উদ্বোধন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। পেঁয়াজ মজুদদারদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ সম্পর্কে বাণিজ্যমন্ত্রী আরো বলেন, যারা মজুদ করছে, আমরা শক্ত হাতে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিচ্ছি। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২)।

**১১। চট্টগ্রাম বন্দরের ব্যবহার বাড়ালে কর্মসংস্থান বাড়বে : চট্টগ্রামে বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী টিপু মুন্সী বলেছেন, চট্টগ্রাম বন্দর ব্যবহার করতে চায় পূর্ব ভারতের পাঁচ কোটি মানুষ। বর্তমানে ভারতের পূর্বাঞ্চলীয় রাজ্যগুলো ব্যবহার করে কলকাতা বন্দর, যা ১২শ' কিলোমিটার দূরে। চট্টগ্রাম বন্দর হলে তাদের এ দূরত্ব অর্ধেক হয়ে যাবে। এতে করে বন্দরের সক্ষমতা বৃদ্ধির পাশাপাশি দেশে কর্মসংস্থান বাড়বে। দেশের অর্থনীতির লাইফলাইন চট্টগ্রাম। বাংলাদেশ এ চট্টগ্রামের দিকে তাকিয়ে আছে। গতকাল (২৭ অক্টোবর রোববার) চট্টগ্রাম মেট্রোপলিটন কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (সিএমসিসিআই) আয়োজিত মাসব্যাপী বাংলাদেশ ট্রেড এন্ড এক্সপোর্ট ফেয়ার উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে বাণিজ্যমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.২), **বণিক বার্তা** (পৃ.১২,ক.৬)।

**১২। বাংলাদেশি কর্মীরা স্বল্প খরচে পূর্ব আফ্রিকার দ্বীপরাষ্ট্র সেশেলস যেতে পারবেন : প্রবাসী কল্যাণ মন্ত্রী**

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ বলেছেন, পূর্ব আফ্রিকার দ্বীপরাষ্ট্র সেশেলসে কর্মী পাঠাতে সম্প্রতি দেশটির সঙ্গে শ্রম সহযোগিতা চুক্তি (এএলসি) স্বাক্ষর হয়েছে। এ চুক্তির আওতায় বাংলাদেশের দক্ষ ও যোগ্য কর্মীরা স্বল্প খরচে দেশটিতে যেতে পারবে। একই সঙ্গে সেশেলসে বাংলাদেশি কর্মী নিয়োগের ওপর যে নিষেধাজ্ঞা ছিল সেটিও উঠে গেছে। গতকাল (২৭ অক্টোবর রোববার) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে আয়োজিত এক সংবাদসম্মেলনে তিনি এ কথা জানান। মন্ত্রী বলেন, বাংলাদেশ থেকে সেশেলস কর্মী পাঠাতে ৫-৬ লাখ টাকা লাগবে না। সরকারিভাবে কম খরচে কর্মীরা যেতে পারবে। তবে কী পরিমাণ শ্রমিক যাবে সেটা নির্ধারণ হবে দেশটির চাহিদার ওপর। সেশেলসে শুধু সরকারিভাবে কর্মী যেতে পারবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (শেষ পৃ,ক.৪)।

১৩। **২০২০ সালে সব হজযাত্রীর ইমিগ্রেশন ঢাকায় করা হবে : ধর্ম প্রতিমন্ত্রী**

২০২০ সালে 'মক্কা রুট ইনিশিয়েটিভ'র আওতায় বাংলাদেশের সব হজযাত্রীর ইমিগ্রেশন ঢাকার আশকোনা হজ ক্যাম্পে সম্পন্ন করা হবে বলে জানিয়েছেন ধর্ম প্রতিমন্ত্রী শেখ মো. আবদুল্লাহ। এজন্য আশকোনার হজ ক্যাম্পের সম্প্রসারণ ও সংস্কার কার্যক্রম শুরু করার নির্দেশ দিয়েছেন প্রতিমন্ত্রী। গতকাল (২৭ অক্টোবর রোববার) আশকোনায় হজ ক্যাম্প সম্প্রসারণ ও সংস্কার কার্যক্রম সংক্রান্ত সভায় সভাপতিত্বকালে সংশ্লিষ্টদের প্রতি তিনি এ নির্দেশ দেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৭), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.২), **নিউ নেশন** (পৃ.১,ক.৭), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৬)।

১৪। **দেশে এক কোটি ৬৫ লাখ পরিবার কৃষিকাজের সঙ্গে যুক্ত : কৃষি শুমারি-১৯ এর প্রাথমিক রিপোর্ট**

দেশে কৃষিকাজের সঙ্গে যুক্ত হয়েছে এক কোটি ৬৫ লাখ ৬২ হাজার ৯৭৪ পরিবার। এক্ষেত্রে শহরে ৬ লাখ ১৭ হাজার ৮৫৫ পরিবার এবং গ্রামে এক কোটি ৫৯ লাখ ৪৫ হাজার ১১৯ পরিবার কৃষি কাজের সঙ্গে যুক্ত। কৃষি শুমারি-১৯ এর প্রাথমিক রিপোর্টের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে এ তথ্য জানানো হয়। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫), **নিউ এজ** (পৃ.১,ক.২)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** ২ হাজার ৭৩০টি শিক্ষাপ্রতিষ্ঠানকে এমপিওভুক্তির ঘোষণা দিয়েছে সরকার, এটি দেশের শিক্ষাব্যবস্থার জন্য একটি সুসংবাদ উল্লেখ করে এমপিওভুক্ত হওয়া প্রতিষ্ঠানগুলো মানসম্মত শিক্ষাদান করবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **বণিক বার্তা :** নামি কোম্পানির আকর্ষণীয় প্যাকেটে ভেজাল বীজ ভরে চটকদার বিজ্ঞাপনের মাধ্যমে কৃষকদের হাতে তুলে দেওয়া হচ্ছে নিম্নমানসম্পন্ন বীজ বলে অভিযোগ পাওয়া গেছে উল্লেখ করে দেশের কৃষি বিভাগকে এ ব্যাপারে নজর দেওয়ার সুপারিশ।

গ. **সমকাল :** খুলনার বটিয়াঘাটা উপজেলার গঙ্গারামপুরে বিলুপ্তপ্রায় ৯০ জাতের আমন ধান বীজ সংরক্ষণের যে সংগ্রহশালা কৃষকরা গড়ে তুলেছেন তা তাৎপর্যপূর্ণ উল্লেখ করে দেশের অন্যান্য এলাকায়ও এ ধরনের উদ্যোগ নেওয়ার আহ্বান।

ঘ. **ভোরের কাগজ, যায়যায়দিন :** সৌদি আরবে অবৈধ অভিবাসী কর্মীদের ধরাপাকড় অব্যাহত থাকার ধারাবাহিকতায় আরো ২০০ বাংলাদেশিকে ফেরত পাঠিয়েছে দেশটি উল্লেখ করে বৈধ শ্রমিকরা যাতে কোনো ধরনের হয়রানির শিকার না হয় সেদিকে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

ঙ. **নিউজ টুডে :** সড়ক দুর্ঘটনা বেড়েই চলছে উল্লেখ করে এ সমস্যা নিরসনে যথাযথ পদক্ষেপ কামনা।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'বিশ্ববিদ্যালয় হোক জ্ঞান সৃষ্টির আতুড়ঘর'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, একটি দেশের সবচেয়ে বড় সম্পদ হলো সে দেশের বিশ্ববিদ্যালয়।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা